

১৯/০৩/২০২৩ তারিখে কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত কর্মশালার কার্যবিবরণী

সভার তারিখ: ১৯/০৩/২০২৩
সময়: বেলা ১০.৩০ ঘটিকা
স্থান: কনফারেন্স কক্ষ, বন সংরক্ষকের কার্যালয়, যশোর
সভাপতি: জনাব এ. এস. এম জহির উদ্দিন আকন
বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, যশোর

আলোচনাঃ

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে কর্মশালার কাজ শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন যে, অত্র অঞ্চলের অধীক্ষেত্রাধীন এসএফএনটিসি ও এসএফপিসি'র মানোন্নয়ন ও কাজের গতি ত্বরান্বিত করার লক্ষ্যে করণীয় বিষয়ে উপস্থিত বিভাগীয় বন কর্মকর্তা, সহকারী বন সংরক্ষক ও ভারপ্রাপ্ত কর্মকর্তাদের মতামত প্রদান করতে অনুরোধ করেন। বিস্তারিত আলোচনার পরে এসএফএনটিসি ও এসএফপিসি-র মানোন্নয়ন ও কাজের গতি ত্বরান্বিত করতে ১০০ নম্বর রেখে বিশেষ স্বীকৃতি/সার্টিফিকেট ও পুরস্কারের ব্যবস্থা করা যেতে পারে মর্মে মত প্রকাশ করলে উপস্থিত সকলে সমর্থন করেন। সহকারী বন সংরক্ষক, বাগেরহাট প্রতিটি বন বিভাগের জন্য একজন সহকারী বন সংরক্ষককে এবং সহকারী বন সংরক্ষক-এর অনুপস্থিতিতে একজন ভারপ্রাপ্ত কর্মকর্তাকে ফোকাল পয়েন্ট নিয়োগ করা যায় মর্মে প্রস্তাবনা পেশ করলে উপস্থিত সকলে সমর্থন করেন।

সিদ্ধান্ত সমূহঃ

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

সিদ্ধান্ত ১. স্কেরভিত্তিক ১০০ নম্বর এর উপর ভিত্তি করে এসএফএনটিসি মূল্যায়নের বিষয়বস্তু সমূহ :

ক্রমিক নং	বিবরণ	প্রাপ্ত স্কের
১	ফাইল ও রেজিস্টার সংরক্ষণ	১৫
২	চারা :	২০
	ক. চারার গুণগত মান	৫
	খ. প্রজাতি বৈচিত্র্য	৫
	গ. বর্ধন হার	৫
	ঘ. বিক্রয় ও বিতরণ	৫
৩	বাগান:	২০
	ক. নতুন বাগান	৫
	খ. সৃজিত বাগানের বর্তমান অবস্থা:	১৫
	i. প্রজাতি বৈচিত্র্য	২.৫
	ii. চুক্তিনামা/জার্নাল সম্পাদন	৫
	iii. স্থানীয় জনপ্রতিনিধি ও উপকারভোগীদের সাথে সম্পর্ক	২.৫
iv. জীবিত চারার হার ও বর্ধন হার	৫	
৪	বাগান কর্তন	৫
৫	লভ্যাংশ বিতরণ	৫
৬	স্টাফ ব্যবস্থাপনা	৫
৭	স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তিবর্গ ও উপকারভোগীদের সাথে সম্পর্ক	৫
৮	পরিবেশ (করাত-কল লাইসেন্স, ফার্নিচার মার্ট)	৫
৯	নার্সারী ব্যবস্থাপনা	৫
১০	তথ্যপ্রযুক্তিতে দক্ষতা	৫
১১	আচার ব্যবহার, দায়িত্ব ও শৃংখলাবোধ	৫
১২	পরিষ্কার-পরিচ্ছন্নতা	৫
সর্বমোট স্কের =		১০০

সিদ্ধান্ত ২. অত্র অঞ্চলাধীন এসএফএনটিসি সমূহের মধ্যে সর্বোচ্চ স্কেরপ্রাপ্ত ব্যক্তিকে(৮০ নম্বরের উর্দে)পুরস্কার প্রদান করা হবে সিদ্ধান্ত গৃহীত হয়।


সিদ্ধান্ত ৩. স্কেরভিত্তিক ৫০ নম্বর এর উপর ভিত্তি করে এসএফপিসি মূল্যায়নের বিষয়বস্তু সমূহ :

ক্রমিক নং	বিবরণ	প্রাপ্ত স্কের
১	ফাইল ও রেজিস্টার সংরক্ষণ	৫
২	পরিষ্কার-পরিচ্ছন্নতা	৫
৩	কারিগরী দক্ষতা	৫
৪	বাগান সৃজন ও রক্ষনাবেক্ষন	৫
৫	বাগান কর্তন	৫
৬	লভ্যাংশ বিতরণ	৫
৭	স্টাফ ব্যবস্থাপনা	৫
৮	স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি ও উপকারভোগীদের সাথে সম্পর্ক	৫
৯	তথ্যপ্রযুক্তিতে দক্ষতা	৫
১০	. দায়িত্ব ও শৃংখলাবোধ	৫
সর্বমোট স্কের =		৫০

সিদ্ধান্ত ৪. অত্র অঞ্চলাধীন এসএফপিসি সমূহের মধ্যে সর্বোচ্চ স্কোরপ্রাপ্ত ব্যক্তিকে (৪০ নম্বরের উর্দে) পুরস্কার প্রদান করা হবে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ৫. অধীক্ষেত্রাধীন বন বিভাগ সমূহের সহকারী বন সংরক্ষক ও ভারপ্রাপ্ত কর্মকর্তাদের সমন্বয়ে পৃথক পৃথকভাবে ফোকাল পয়েন্ট নিয়োগ করা হয়। সামাজিক বন বিভাগ, যশোর-এর জন্য জনাব অমিতা মন্ডল, সহকারী বন সংরক্ষক জনাব এ এফ জি গোলাম মোস্তফা, সহকারী বন সংরক্ষক; সামাজিক বন বিভাগ, কুষ্টিয়া-এর জন্য জনাব মোঃ শরিফুল ইসলাম, ফরেস্টার, ভারপ্রাপ্ত কর্মকর্তা; সামাজিক বন বিভাগ, ফরিদপুর -এর জন্য জনাব মোস্তফা আল হোসাইন, সহকারী বন সংরক্ষক এবং সামাজিক বন বিভাগ, বাগেরহাট-এর জন্য জনাব মোঃ শামীম রেজা মিঠু, সহকারী বন সংরক্ষক ও জনাব সুপ্রিয়া ছই, ফরেস্ট রেঞ্জার-কে নিয়োগ প্রদান করা হয়।

সভায় আর কোন আলোচন না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(এ.এস. এম জহির উদ্দিন আকন)

বন সংরক্ষক

সামাজিক বন অঞ্চল, যশোর

ফোন-০২৪৭৭৭-৬১৩২৫

cfesore@gmail.com

তারিখ : ২০/০৩/২০২৩ খ্রিঃ।

স্মারক নম্বর : ২২.০১.৪১০০.৩০৯.২৮.০৩৩.২৩. ৬১৫

বিতরণ : সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। প্রধান বন সংরক্ষক, বাংলাদেশ, ঢাকা।
- ২। উপ-প্রধান বন সংরক্ষক, শিক্ষা ও প্রশিক্ষণ উইং, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৩। বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, যশোর/কুষ্টিয়া/ফরিদপুর/বাগেরহাট।
- ৪। সকল ফোকাল পার্সন।

০/১.